

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৫৮

8. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২০. কোনো মহিলার স্বামীর অনুমতি ব্যতীত নফল রোযা রাখা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ صَوْمِ الْمَرْأَةِ تَطَوُّعًا إِلَّا بِإِذْنِ زَوْجِهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ مُوسَى بْنِ أَبِي عُثْمَانَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَصنُومُ الْمَرْأَةُ يَوْمًا وَزَوْجُهَا شَاهِدٌ إِلَّا بِإِذْنِهِ مَعْنَاهُ قَالَ فِي النَّذُورِ تَفِي بِهِ

বাংলা

১৭৫৮. (অপর সনদে) আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কোনো স্ত্রীলোক রমযান ব্যতীত অন্য সময়ে তার স্বামীর উপস্থিতিতে তার অনুমতি ব্যতীত একটি দিনও রোযা রাখবে না।"[1]

তিনি বলেন: তবে, মানতের রোযা থাকলে সে তা পূর্ণ করবে।

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান। তবে হাদীসটি সহীহ বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।।

তাখরীজ: এটি পূর্বের হাদীসটির পুনরাবৃত্তি। এছাড়া বর্ণনা করেছেন, হুমাইদী তার মুসনাদে নং ১০৪৬ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন